



Advocates for Children of New York

Protecting every child's right to learn

প্রিন্সুল শিক্ষার্থীদের জন্য রিলেটেড সার্ভিসেস (সংশ্লিষ্ট সেবাসমূহ)

বিকাশগত বিলম্ব (ডেভেলপমেন্টাল ডিলে) বা অক্ষমতা (ডিজ্যাবিলিটি) সম্পন্ন প্রিন্সুল শিক্ষার্থীরা **রিলেটেড সার্ভিসেস**-এর জন্য যোগ্য বলে বিবেচিত হতে পারে যার মধ্যে রয়েছে স্পিচ (বাকশক্তি) থেরাপি, অকুপেশনাল (কাজ সংক্রান্ত) থেরাপি, ফিজিক্যাল (শারীরিক) থেরাপি বা কাউন্সেলিং (পরামর্শ প্রদান)। প্রিন্সুলে থাকা যেসব শিশুরা যোগ্য বলে বিবেচিত হবে তাদেরকে এসব রিলেটেড সার্ভিসেস NYC ডিপার্টমেন্ট অফ এডুকেশনের স্পেশাল এডুকেশন প্রোগ্রাম (বিশেষ শিক্ষা কার্যক্রম)-এর মাধ্যমে বিনামূল্যে প্রদান করা হবে। আপনার সন্তানের যেকোনো রিলেটেড সার্ভিসেস সহ সকল স্পেশাল এডুকেশন সার্ভিসেস একটি ডকুমেন্টে লিপিবদ্ধ করা থাকবে যার নাম হলো ইন্ডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (IEP)। আপনার সন্তানের IEP-তে উল্লিখিত শুরুর তারিখের মধ্যে সকল রিলেটেড সার্ভিসেস প্রদান করার জন্য থেরাপিস্ট খুঁজে দেওয়ার দায়িত্ব ডিপার্টমেন্ট অফ এডুকেশন গ্রহণ করবে।

সেন্টার-ভিত্তিক স্পেশাল এডুকেশন প্রিন্সুল প্রোগ্রামের *বাইরে থাকা* যেসব প্রিন্সুল শিক্ষার্থীরা আছে তাদের জন্য ডিপার্টমেন্ট অফ এডুকেশন যে প্রক্রিয়ায় রিলেটেড সার্ভিসেস প্রোভাইডার (প্রদানকারী) নির্ধারণ করে থাকে তা এই ফ্যাক্ট শিটে তুলে ধরা হয়েছে। যদি আপনার সন্তানের IEP-তে কোনো বিশেষ প্রিন্সুল ক্লাস বা ইন্টিগ্রেটেড সেটিং (সমন্বিত পরিবেশ)-এ বিশেষ প্রিন্সুল ক্লাসের পরামর্শ দেওয়া হয়ে থাকে, তাহলে তার স্পেশাল এডুকেশন প্রোগ্রামের মাধ্যমে তাকে রিলেটেড সার্ভিসেস প্রদান করা হবে এবং এখানে বর্ণিত প্রক্রিয়াটি তখন আপনার সন্তানের জন্য প্রযোজ্য হবে না।

রিলেটেড সার্ভিসেস প্রোভাইডার (সংশ্লিষ্ট সেবাসমূহ প্রদানকারী) নির্ধারণের প্রক্রিয়া

কমিটি অন প্রিন্সুল স্পেশাল এডুকেশন (CPSE) প্রতি স্কুল বর্ষে আপনার সন্তানের সাথে কাজ করার জন্য রিলেটেড সার্ভিসেস প্রোভাইডার নির্ধারণ করে দেবে। যেসব শিশুদের 10 মাসের IEP রয়েছে, তাদের স্কুল বর্ষ সেপ্টেম্বর মাস থেকে শুরু হবে। যেসব শিশুদের 12 মাসের IEP রয়েছে, তাদের স্কুল বর্ষ জুলাই মাসে শুরু হবে। সন্তানের অভিভাবকেরা তাদের পছন্দমত প্রোভাইডারকে নির্ধারণ করতে পারবে না। স্কুলে যেরকম প্রতি বছর নতুন শিক্ষক থাকে, ঠিক সেইভাবে প্রিন্সুল শিক্ষার্থীর জন্যও প্রতি বছর নতুন কোনো প্রোভাইডার নির্ধারণ করা হতে পারে (যদিও কিছু কিছু ক্ষেত্রে কোনো শিশুর জন্য একই প্রোভাইডার ঠিক করা হতে পারে যে পূর্বে ঐ শিশুটির সাথে কাজ করেছে)।

CPSE-এর সাথে চুক্তিবদ্ধ এমন কোনো এজেন্সির মাধ্যমে অধিকাংশ প্রিন্সুল শিক্ষার্থীদের রিলেটেড সার্ভিসেস প্রদান করা হবে। প্রতিটি এজেন্সি বিভিন্ন থেরাপিস্টদের নিয়ে কাজ করে থাকে যারা স্পিচ, অকুপেশনাল ও ফিজিক্যাল থেরাপি প্রদান করে থাকে। CPSE নিম্নে বর্ণিত প্রক্রিয়াটি অনুসরণ করে থাকে:

1. যদি আপনার সন্তান পাবলিক স্কুলের 3-K বা Pre-K-তে অধ্যয়নরত থাকে, তাহলে ঐ স্কুলে কর্মরত প্রোভাইডাররা রিলেটেড সার্ভিসেস প্রদান করবে যদি তা সম্ভব হয়। আর তা না হলে, CPSE নিচে দেওয়া প্রক্রিয়াটি অনুসরণ করবে।
2. আপনি যে বরো (borough)-তে থাকেন, সেখানকার প্রাথমিক এজেন্সির কাছে CPSE আপনার সন্তানের বিষয়াদি পাঠাবে এবং আপনার সন্তানের জন্য রিলেটেড সার্ভিসেস প্রোভাইডার খুঁজে দেওয়ার লক্ষ্যে এজেন্সিকে পাঁচ দিনের সময়সীমা বেঁধে দেওয়া হবে।
3. যদি প্রাথমিক এজেন্সি কোনো প্রোভাইডার খুঁজে না পায়, তখন CPSE আপনার সন্তানের বিষয়াদি একটি “সেকেন্ড টায়ার” (দ্বিতীয় স্তর) এজেন্সির কাছে পাঠাবে এবং তাকেও প্রোভাইডার খুঁজে দেওয়ার জন্য পাঁচ দিনের সময়সীমা বেঁধে দেওয়া হবে।
4. যদি সেকেন্ড টায়ার এজেন্সি কোনো প্রোভাইডার খুঁজে না পায়, তখন CPSE আপনার সন্তানের বিষয়াদি একটি “থার্ড টায়ার” (তৃতীয় স্তর) এজেন্সির কাছে পাঠাবে এবং তাকেও প্রোভাইডার খুঁজে দেওয়ার জন্য পাঁচ দিনের সময়সীমা বেঁধে দেওয়া হবে।
5. যদি চুক্তিবদ্ধ তিনটি স্তরের কোনো এজেন্সিই সময়সীমার মধ্যে কোনো প্রোভাইডার খুঁজে দিতে না পারে, তখন CPSE একজন ইন্ডিপেন্ডেন্ট (স্বতন্ত্র) প্রোভাইডারকে বাছাই করে তার সাথে চুক্তিবদ্ধ হবে।

আপনার সন্তানের জন্য সার্ভিস প্রোভাইডার খুঁজে দেওয়ার দায়িত্ব CPSE পালন করবে এবং এসব প্রোভাইডার হতে পারে কোনো চুক্তিবদ্ধ এজেন্সির সাথে কাজ করে থাকে বা স্বতন্ত্রভাবে কাজ করে থাকে।

আপনার অধিকারসমূহ জানুন!

- IEP-তে উল্লিখিত সকল রিলেটেড সার্ভিসেস ডিপার্টমেন্ট অফ এডুকেশনকে প্রতি স্কুল বর্ষের শুরু থেকে অবশ্যই প্রদান করতে হবে। যদি আপনার সন্তান স্কুল বর্ষ চলাকালীন সময়ের মাঝে রিলেটেড সার্ভিসেস পেয়ে থাকে, তাহলে সেই সার্ভিস আপনার সন্তানের IEP-তে উল্লিখিত তারিখের মধ্যে অবশ্যই শুরু করতে হবে।
- আপনার সন্তানের জন্য সবচেয়ে কম সীমাবদ্ধ (রেস্ট্রিক্টিভ) হবে এমন কোনো পরিবেশে সার্ভিস প্রদান করতে হবে। অধিকাংশ শিশুদের জন্য সবচেয়ে কম সীমাবদ্ধ পরিবেশ হলো ঐ শিশুদের 3-K বা Pre-K প্রোগ্রামের স্থান, চাইল্ড কেয়ার সেন্টার বা বাসা। মাঝে মাঝে IEP টিম ঠিক করতে পারে যে রিলেটেড সার্ভিসেস এজেন্সির মত ভিন্ন একটি লোকেশন কোনো শিশুর জন্য বেশি উপযুক্ত হতে পারে। আপনার সন্তানের IEP মিটিংয়ে উপযুক্ত লোকেশন নিয়ে আলোচনা করে নেওয়া উচিত এবং তা আপনার সন্তানের IEP-তে উল্লেখ করা থাকতে হবে।
- কোনো শিশু যদি তার বাসা, 3-K, Pre-K, প্রিস্কুল বা চাইল্ড কেয়ার সেন্টারের বাইরে অন্য কোনো লোকেশনে রিলেটেড সার্ভিসেস পেয়ে থাকে, তাহলে তার জন্য CPSE-কে যাতায়াতের ব্যবস্থা করে দিতে হবে। যদি আপনি নিজে আপনার সন্তানকে নিয়ে প্রোভাইডারের অফিসে যাওয়া-আসা করেন, তাহলে মেট্রোকার্ড বা ট্যাক্সি/কার সার্ভিসের জন্য আপনি যে পরিমাণ অর্থ খরচ করবেন তা CPSE আপনাকে ফেরত দেবে। এজন্য, আপনাকে রিইমবার্সমেন্ট (অর্থ ফেরত দেওয়া) ফর্ম পূরণ করতে হবে যা বিভিন্ন ভাষায় পাওয়া যাবে এই লিংকে schools.nyc.gov/learning/special-education/supports-and-services/related-services এবং তা আপনার CPSE অ্যাডমিনিস্ট্রেরর কাছে জমা দিতে হবে। যদি অর্থ ফেরত পাওয়া পর্যন্ত অপেক্ষা করার সময় আপনার হাতে না থাকে, তাহলে আপনার CPSE অ্যাডমিনিস্ট্রেরকে আপনার জন্য মেট্রোকার্ড বা ট্যাক্সি/কার সার্ভিসের ব্যবস্থা করে দিতে বলুন। যদি আপনি আপনার সন্তানকে এজেন্সির কাছে নিয়ে যেতে না পারেন, তাহলে CPSE-কে অবশ্যই আপনার সন্তানের জন্য যাতায়াতের ব্যবস্থা করে দিতে হবে।
- যদি CPSE সময় মত সার্ভিসেস শুরু করতে না পারে, তাহলে আপনার সন্তান যে কয়টি সপ্তাহ মিস করবে তার জন্য মেক-আপ সার্ভিসেস পাওয়ার অধিকার আপনার সন্তানের রয়েছে।

রিলেটেড সার্ভিসেস সংক্রান্ত সমস্যার সমাধান করা

সময় মত সার্ভিসেস শুরু না হওয়া, উপযুক্ত লোকেশনে সার্ভিসেস প্রদান না করা, IEP-তে উল্লিখিত ভাষায় সার্ভিসেস প্রদান না করা বা এজেন্সিতে প্রদানকৃত সার্ভিসেস-এর জন্য যাতায়াতের ব্যবস্থা না করা সহ আপনার সন্তানের প্রিস্কুল রিলেটেড সার্ভিসেস নিয়ে যদি কোনো সমস্যা থাকে তাহলে আপনাকে নিচে দেওয়া ধাপগুলো অনুসরণ করতে হবে:

1. আপনার সন্তানের বিষয়াদি যে CPSE অফিস দেখভাল করছে, সেখানে যোগাযোগ করুন। CPSE অফিসসমূহের তালিকা পাওয়ার জন্য অনুগ্রহ করে ভিজিট করুন এই লিংকে schools.nyc.gov/learning/special-education/help/committees-on-special-education/
2. যদি CPSE সমস্যার সমাধান না করে থাকে, তাহলে ইমেইল করুন এই ঠিকানায় relatedservices@schools.nyc.gov যেই ইমেইল ঠিকানা ডিপার্টমেন্ট অফ এডুকেশন (DOE) রিলেটেড সার্ভিসেস সংক্রান্ত সমস্যা সমাধানের জন্য চালু রেখেছে। আপনাকে আপনার সন্তানের নাম, জন্ম তারিখ, NYC ID#, সমস্যার বিবরণ এবং সমস্যা সমাধানে আপনি কী কী পদক্ষেপ নিয়েছেন তা ইমেইল আপনাকে উল্লেখ করতে হবে। অনুগ্রহ করে আপনি অ্যাডভোকেটস ফর চিল্ড্রেনকেও আপনার ইমেইলের কপি পাঠাতে পারেন এই ঠিকানায় preschool@afcnyc.org যাতে আমরাও আপনার বিষয়টি সম্পর্কে অবগত থাকতে পারি। এছাড়াও, আপনি DOE-এর স্পেশাল এডুকেশন হটলাইনে কল করতে পারেন এই নম্বরে (718) 935-2007। যদি DOE সমস্যার সমাধান না করে থাকে, তাহলে আপনি পুনরায় DOE-কে কল বা ইমেইল করতে পারেন।
3. মধ্যস্থতা বা নিরপেক্ষ শুনানির আবেদন জমা দেওয়ার অধিকার আপনার রয়েছে।

আরও তথ্য জানার জন্য অনুগ্রহ করে অ্যাডভোকেটস ফর চিল্ড্রেন-এর [Guide to Preschool Special Education Services](#) দেখুন বা DOE-এর [ফ্যামিলি গাইড টু প্রিস্কুল স্পেশাল এডুকেশন সার্ভিসেস](#) দেখুন এই লিংকে schools.nyc.gov/learning/special-education/preschool-to-age-21/moving-to-preschool/ এছাড়াও, আপনি আমাদের হেল্পলাইনে কল করে আপনার সন্তানের পরিস্থিতি নিয়ে কথা বলতে পারেন।

অ্যাডভোকেটস ফর চিল্ড্রেন অফ নিউ ইয়র্ক, ইংক.

151 ওয়েস্ট 30th স্ট্রীট, 5th তলা, নিউ ইয়র্ক, NY 10001

জিল চাইফেতজ্ এডুকেশন হেল্পলাইন: 1-866-427-6033 (টোল ফ্রি)

সোমবার থেকে বৃহস্পতিবার, সকাল 10টা থেকে বিকাল 4টা

এই ফ্যাক্ট শিট কোনো আইনী পরামর্শ নয়। এই ফ্যাক্ট শিটে AFC-এর কোনো ধরনের মতামত উল্লেখ করা ছাড়াই বিদ্যমান নীতিমালা বা আইনের সারমর্ম তুলে ধরা হয়েছে। যদি আপনার কোনো আইনী সমস্যা থেকে থাকে, তাহলে অনুগ্রহ করে একজন অ্যাটর্নি বা অ্যাডভোকেটের সাথে যোগাযোগ করুন।